

(প্রেস বিজ্ঞপ্তি)

১৭ এপ্রিল ২০২৩খ্রি.

রামপুরের উন্নয়নে দুই প্রকল্প, ব্যয় হবে ১৭ কোটি ৭০ লক্ষ টাকা

বন্দর নগরী চট্টগ্রামের রামপুর ওয়ার্ডের সড়ক উন্নয়ন ও আর ডেন নির্মাণে ১৭ কোটি ৭০ লক্ষ টাকার দুটি প্রকল্পের উদ্বোধন করেছেন চট্টগ্রাম সিটি মেয়র প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

সোমবার মেয়র ৭ কোটি ৮০ লাখ টাকা ব্যয়ে ২৫নং রামপুর ওয়ার্ডস্থ হালিশহর এসি মসজিদ থেকে ওয়াপদা মোড় এবং ৯ কোটি ৯০ লক্ষ টাকা ব্যয়ে ঈদগাঁ মোড় হতে নয়াবাজার মোড়, ধোপাপাড়া সড়ক হতে নয়াবাজার পর্যন্ত সড়ক ও হালিশহর নয়াবাজার বাইলেইনের উন্নয়নকাজের উদ্বোধন করেন।

এসময় মেয়র বলেন, রামপুর এলাকার অবকাঠামো তুলনামূলকভাবে উন্নত হলেও বেশ কিছু সড়ক সংস্কারের প্রয়োজন হচ্ছে জানতে পেরে এ উদ্যোগ নেয়া হয়েছে। এ দুটি প্রকল্প বাস্তবায়িত হলে এলাকাবাসীর এক দিকে যোগাযোগ ব্যবস্থা উন্নত হবে অপরদিকে ভালো ড্রেনেজ ব্যবস্থার কারণে জলাবদ্ধতা হাস পাবে।

“প্রধানমন্ত্রী আমাকে যে আড়াই হাজার কোটি টাকার প্রকল্প বরাদ্দ দিয়েছেন সেটির মাধ্যমে চট্টগ্রামে কোন কাঁচা রাস্তা থাকবেনা। তবে কেবল নতুন সড়ক নির্মাণ না করে বিদ্যমান যে সমস্ত সড়ক ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে সেগুলো সংস্কারে আমি বিশেষ জোর দিচ্ছি কারণ সড়ক সংস্কারে ব্যয় কম হলেও এর সুফল অনেক বেশি।”

জনগণের সহযোগিতা চেয়ে মেয়র বলেন, জলাবদ্ধতা হাঙ্গে কেবল উন্নয়ন প্রকল্প গ্রহণ করাই যথেষ্ট নয়। এজন্য প্রয়োজন জনগণের সচেতন আচরণ। নালায় অপচনশীল বর্জ্য ফেললে, রাস্তা বেদখল করলে কোন প্রকল্পই শতভাগ সফল হবেনা। প্রধানমন্ত্রীর নেতৃত্বে চট্টগ্রামে যে বিপুল উন্নয়ন কাজ চলছে তার সুফল ঘরে তুলতে জনগণকে সরকারের পাশে চাই। বদলে যাওয়া চট্টগ্রাম হবে বিশ্ববাণিজ্যের হাব। জলাবদ্ধতামুক্ত উন্নত চট্টগ্রামে বেড়ে উঠবে আমাদের আগামী প্রজন্ম।”

এসময় আরো উপস্থিত ছিলেন প্যানেল মেয়র আবদুস সবুর লিটন, সংরক্ষিত মহিলা কাউন্সিলর হুরে আরা বিউটি, চসিকের প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী বিপ্লব দাশ, নির্বাহী প্রকৌশলী আনোয়ার জাহান, সহকারী প্রকৌশলী গাজী মোহাম্মদ কামরুল হাসান।

ঈদ উপহার নিয়ে ২০০০ পরিবারের পাশে মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর উপহার দেয়া ঈদ উপহারসামগ্রী পেল ২০০০ দুস্থ পরিবার। মেয়রের হাত থেকে শাড়ি, পাঞ্জাবি নিয়ে হাসিমুখে ঘরে ফিরেন হাজারো অসহায় মানুষ।

রোববার কাউন্সিলর ওয়াসিম উদ্দিন চৌধুরীর সহযোগিতায় এই উপহার বিতরণ করেন চসিক মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। এসময় মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী কাউন্সিলর ওয়াসিম উদ্দিন চৌধুরীর নেয়া এ মহতী উদ্যোগের প্রশংসা করে বলেন, ঈদের আনন্দ উদযাপনে অভাবগ্রস্ত ব্যক্তিদের সহায়তার জন্য আমাদের এ প্রয়াস। আজকের এ মহতী উদ্যোগের সাথে সংশ্লিষ্ট কাউন্সিলর ওয়াসিম উদ্দিনসহ সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। সাধারণ মানুষের পাশে বিভবানদের দাঁড়ানোর সর্বশ্রেষ্ঠ সময় এ সিয়াম সাধনার মাস রমজান। আশা করি অন্যরাও এই উদ্যোগে উৎসাহিত হয়ে অসহায় মানুষের পাশে দাঁড়াবেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাউন্সিলর ওয়াসিম উদ্দিন চৌধুরী, ড. বিদ্যুৎ বড়ুয়া, মো. আবু বকর ছিদ্দিক, রোমানা চৌধুরী, নুরুল মোস্তফা, আবুল হাশেম শাহ, হায়দার আলী, আবদুল মতিন, কলন্দর খান, আব্দুল মালেক, খিয়ালাল মজুমদার, ছাদেক খান,

আব্দুল মতিন সওদাগর, জামিল দেওয়ান, জাবেদ খান, আনোয়ার হোসেন, হায়দার আলী, শুরুজ জামান, হায়দার আলী, হাজী নাছির।

এতিমদের পাশে ঈদ উপহার নিয়ে মেয়র

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে বায়তুল ফালাহ হাফেজিয়া জালালিয়া এতিমখানার শতাধিক এতিম শিশুর মাঝে ঈদ উপহারসামগ্রী বিতরণ করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

এসময় মেয়র এতিম শিশুরা যাতে ঈদ উদযাপন থেকে বঞ্চিত না হয় সেজন্য বিত্তবানদের এগিয়ে আসার আহ্বান জানান। উল্লেখ্য, এবারের রমজানে মেয়র অসহায় মানুষদের জন্য মাসব্যাপী বিনামূল্যে ইফতার আয়োজনের পাশে দুস্থদের পাশে ইফতার ও ঈদ সামগ্রী নিয়ে পাশে দাঁড়িয়েছেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮